যুগান্তর

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৬

পূর্ব জুরাইন সালাহ্উদ্দিন আহমেদ উচ্চবিদ্যালয়

# এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক কর্মচারীদের মানবেতর জীবন

**খোরশেদ আলম শিকদার**


এমপিওভুক্ত না হওয়ায় পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন রাজধানীর পূর্ব জুরাইন সালাহ্উদ্দিন আহমেদ উচ্চবিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীরা। তাদের দাবি বিদ্যালয়টি এমপিওভুক্ত হলে তাদের কষ্ট লাঘব হবে।

রাজধানীর কদমতলী থানার পূর্ব জুরাইনে সাবেক এমপি আলহাজ সালাহ্উদ্দিন আহমেদ ও স্থানীয় কিছু শিক্ষানুরাগী ব্যক্তির উদ্যোগে ২০০২ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করা হয়। শ্যামপুরের বাসিন্দা আবদুল মান্নান পাটোয়ারীর স্ত্রী সেলিনা বেগম বিদ্যালয়ের নামে ৩০ শতক জমি দান করেন।

সংরক্ষিত নারী আসনের এমপি ও ঢাকা-৪ আসনের সাবেক এমপি অ্যাডভোকেট সানজিদা খানম বিভিন্নভাবে সহযোগিতা করে আসছেন। বিদ্যালয় সূত্রে জানা যায়, ১৫ জন শিক্ষক এবং ১১৭ শিক্ষার্থী নিয়ে বিদ্যালয়ের পথচলা শুরু হয়। বর্তমানে বিদ্যালয়ে ২৮ জন শিক্ষক, ৩ জন কর্মচারী কর্মরত রয়েছেন। বিদ্যালয়ে প্রাথমিক শাখায় ৩৯৯ এবং মাধ্যমিক শাখায় ৬১১ শিক্ষার্থী রয়েছে। প্রতি বছর পাবলিক পরীক্ষায় সুনামের সঙ্গে ফলাফল অর্জন করে আসছে প্রতিষ্ঠানটি। বিদ্যালয়ে একটি করে ৩য় তলা, ২য় তলা ও একটি টিনশেড ভবন রয়েছে। এতে কক্ষ রয়েছে ১৮টি। যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। প্রতিষ্ঠালগ্ন থেকে শিক্ষকরা স্বল্পবেতনে চাকরি করে আসছেন। বিদ্যালয়টি নানা প্রতিকূলতার মধ্যেই এলাকায় শিক্ষার আলো ছড়াচ্ছে। সামান্য বৃষ্টি হলেই এলাকার ময়লা ও দুর্গন্ধময় পানিতে বিদ্যালয়ের মাঠ ও ভবনের নিচ তলার কক্ষগুলো ডুবে যায়। এছাড়া বিদ্যালয়ের পাশে শ্যামপুর-মোহাম্মদবাগ সড়ক এবং বিদ্যালয়ের প্রবেশ সড়কটি পানিতে তলিয়ে যায়।

বিদ্যালয়ের নবম শ্রেণীর শিক্ষার্থী ফাইমুল ইসলাম শিহাব যুগান্তরকে বলেন, সামান্য বৃষ্টি হলেই এলাকার দুর্গন্ধময় পানিতে স্কুলের নিচ তলা ডুবে যায়। ডোবা থাকায় দুর্গন্ধময় পানি ও মশার উপদ্রবে ক্লাসে বসা যায় না।

শ্যামপুর এলাকার বাসিন্দা ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শিক্ষানুরাগী ডাক্তার এমএ মতিন বলেন, বিদ্যালয়টি এমপিওভুক্ত করা হলে শিক্ষকরা আরও আগ্রহ নিয়ে শিক্ষার্থীদের পাঠদানে আগ্রহী হবেন। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক ও বর্তমানে ম্যানেজিং কমিটির সদস্য মুহাম্মদ কামাল হোসেন যুগান্তরকে বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে নানা ঘাত-প্রতিঘাতের মধ্যে কাটিয়েছি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামীম হোসেন যুগান্তরকে বলেন, প্রধান শিক্ষক পদে আমার কার্যক্রম ৫ মাস মাত্র। তার পূর্বে প্রতিষ্ঠালগ্ন থেকেই সহকারী শিক্ষক হিসেবে নামেমাত্র বেতনে শিক্ষকতা করে আসছি। তিনি বিদ্যালয়টি এমপিওভুক্ত করার দাবি জানান।



রাজধানীর কদমতলী থানার পূর্ব জুরাইনে অবস্থিত সালাহ্উদ্দিন আহমেদ উচ্চবিদ্যালয় যুগান্তর

সংরক্ষিত নারী আসনের এমপি ও ঢাকা-৪ আসনের সাবেক এমপি অ্যাডভোকেট সানজিদা খানম যুগান্তরকে বলেন, দরিদ্র এলাকার মধ্যে অবস্থান এ বিদ্যালয়টির। এলাকার মানুষ যাতে এ বিদ্যাপীঠে তাদের সন্তানদের লেখাপড়া করাতে পারেন সেজন্য বিদ্যালয়টির উন্নয়নে চেষ্টা চালিয়ে যাচ্ছি। বিদ্যালয়ের আসবাবপত্র ও অবকাঠামো উন্নয়নে সহযোগিতা করেছি। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ঢাকা-৪ আসনের সংসদ সদস্য সৈয়দ আবু হোসেন বাবলা বলেন, বিদ্যালয়টির বিষয়ে আমি আগে থেকে কাজ করছি। ভবিষ্যতেও সমস্যা সমাধানের চেষ্টা করে যাব।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যার্থে